দৈনিক বাংলা

তারিখ ... 01 APR 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

62

# আগে সন্ত্রাসকারীদের গ্রেফতার করুন ঃ ডাকসু নেতৃবৃন্দ

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

ডাকসু নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার পর সন্ত্রাসের পুনরাবৃত্তি রোধে সরকারকে যথাযথ দায়িত্ব পালনের আহবানজানিয়েছেন।

গতকাল ডাকসু'র মুলতবী সভায় এই আহবান জানানো হয়। মাহবুবুল হক লিটুর সভাপতিত্বে এ সভায় জি এস মুশতাক হোসেন, এ জি এস

(৩-এর পৃঃ দ্রঃ)

## আগে সন্ত্রাসকারীদের

প্রথম পৃঃ পর

নাসিরুদ্দুজা প্রমুখ উপস্থিত ছিলেন।

হল সমূহে বহিরাগত ও অস্ত্রধারীদের প্রবেশ বন্ধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের আহবান জানিয়ে ডাকসু নেতৃবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয়ের ক্লাশ শুরু ও হল খুলে দেয়ার আগে অবশ্যই সন্ত্রাস সৃষ্টিকারী অস্ত্রধারী ও ক্যাম্পাসে বিভিন্ন খুনের আসামীদের গ্রেফতার করতে হবে।

সভায় ডাকসু নির্বাচন পরবর্তী সন্ত্রাস মূলক সব ঘটনা তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটিসমূহের রিপোর্ট প্রকাশ ও বিশ্ববিদ্যালয় সিনেটকে কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানানোহয়।

ডাকসু নেতৃবৃন্দ সকল ছাত্র সংগঠনকে অস্ত্রধারী ও সন্ত্রাসকারীদের নিজ নিজ সংগঠন থেকে বহিষ্কার ও প্রশ্রয় না দেবার আহবান জানান।

### ডাকসু'র পরবর্তী সভা

আগামী মঙ্গলবার সকাল ১০ টায় ডাকসু ভবনে ডাকসু'র নিয়মিত সভা অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন ডাকসু'র সভাপতি ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা।